

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
উপজেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
রাজস্থলী, রাজামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৮.০৩.২০২৩ খ্রি.

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪৭৮.০১৬.২০.০০১.২৩-২৭২

সংশোধিত গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র ২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি শান্তনু কুমার দাশ, উপজেলা নির্বাহী অফিসার, রাজস্থলী, রাজামাটি পার্বত্য জেলা ও রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড নির্বাচন, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪.০৩.২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করেছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯.০৩.২০২৩ (রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২.০৩.২০২৩ (বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ৩০.০৩.২০২৩ (বৃহস্পতিবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০৫.০৪.২০২৩ (বুধবার)

খ) নির্বাচনী তফসিল:


ক্রমিক	বিবরণ	সময়কাল
০১	মনোনয়নপত্র বিতরণ (চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর থেকে)	: ০৯.০৪.২০২৩ (রবিবার) বিকাল ০৩.০০টা পর্যন্ত
০২	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০টা থেকে দুপুর ০৩.০০টা)	: ১০.০৪.২০২৩ (সোমবার)
০৩	মনোনয়নপত্র বাছাই	: ১১.০৪.২০২৩ (মঙ্গলবার)
০৪	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০টা থেকে দুপুর ০৩.০০টা)	: ১৩.০৪.২০২৩ (বৃহস্পতিবার)
০৫	আপিল নিষ্পত্তি তারিখ	: ১৬.০৪.২০২৩ (রবিবার)
০৬	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৭.০৪.২০২৩ (সোমবার)
০৭	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৮.০৪.২০২৩ (মঙ্গলবার)
০৮	প্রতীক বরাদ্দের তারিখ	: ২৭.০৪.২০২৩ (বৃহস্পতিবার)
০৯	ভোট গ্রহণের তারিখ	: ২০.০৫.২০২৩ (শনিবার)

ভোট গ্রহণের সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ০৫.০৪.২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা কমান্ড নির্বাচন, রাজস্থলী, রাজামাটি পার্বত্য জেলাতে মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: ২৮ দিন ০৩ মাস ২০২৩ বৎসর


শান্তনু কুমার দাশ
উপজেলা নির্বাহী অফিসার

ও

রিটার্নিং অফিসার
উপজেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
রাজস্থলী, রাজামাটি পার্বত্য জেলা